# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**19-04-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটের জন্য শেষ রবিবাসরীয় প্রচার এখন তুঙ্গে। প্রবীণ বি জে পি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ দলের শীর্ষ নেতৃত্ব আজ এ রাজ্যে প্রচারে।

# তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও হুগলি ও পূর্ব বর্ধমানের বিভিন্ন সভায় যোগ দিচ্ছেন।

২)তৃণমূল কংগ্রেসের মদতেই সংসদে নারীশক্তি বন্দন অধিনিয়ম পাস্ হতে পারেনি এবং এজন্য মহিলারা ওই দল কে ক্ষমা করবে না বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন।
# তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই বিল নিয়ে প্রধানমন্ত্রীর বক্তব্য কে বিভ্রান্তিকর আখ্যা দিয়েছেন।

৩) তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা IPAC এর কাজ বন্ধ করে দেওয়া সংক্রান্ত খবর ভুল বলে দল বিবৃতি দিয়েছে। তবে IPAC এর তরফে কোনো বিবৃতি এখনো পাওয়া যায়নি।

৪) নির্বাচন কমিশন রাজ্যে নতুন ভোটার বৃদ্ধির পরিসংখ্যান প্রকাশ করেছে। # হলদিয়া ও কাঁথির এস ডি পি ও পদে নতুন নিয়োগ।

৫) ইডেনে আজ আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স , রাজস্থান রয়্যালসের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম পর্যায়ে ভোটের প্রচার শেষ হতে আর মাত্র দুদিন বাকি। ২১ তারিখ বিকেলে এই দফার প্রচার পর্ব শেষ হবে। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতৃবৃন্দ ভোটারদের মন জয় করতে মিটিং মিছিল পথসভায় সামিল হয়েছেন। বিজেপির প্রবীণ নেতা, প্রধামন্ত্রী নরেন্দ্র মোদীর আজ এরাজ্যে চারটি জনসভায় যোগ দেওয়ার কথা। বাঁকুড়ার বড়জোড়ার পর তিনি পুরুলিয়ায় জনসভায় যোগ দেন। এরপর ঝাড়গ্রাম এবং বিকেলে মেদিনীপুরে বিজেপি প্রার্থীদের সমর্থনেও তিনি বক্তব্য রাখবেন।

কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপির জে পি নাড্ডা, রাজনাথ সিং এবং দলের সভাপতি নীতিন নবীনও রাজ্যের বিভিন্ন জায়গায় প্রচারে অংশ নিচ্ছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানর্জী আজ হুগলীর তারকেশ্বের, পূর্ব বর্ধমানের কালনা ও মন্তেশ্বর এবং বর্ধমান দক্ষিণে দলীয় প্রচারে যোগ দিচ্ছেন।

বাম ও কংগ্রেসের নেতা কর্মীরা প্রথম দফা ভোটের আগে শেষ রবিবাসরীয় প্রচারে সামিল হয়েছেন। মিটিং মিছিলের পাশাপাশি তারা মূলত বাড়ি বাড়ি গিয়ে প্রচারের ওপর জোর দিচ্ছেন।

oooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের মদতে মহিলাদের আসন সংরক্ষণ সংক্রান্ত নারীশক্তি বন্দন সংশোধনী বিলটি সংসদে পাশ করানো যায়নি বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। বিধানসভা নির্বাচনী প্রচারে বাঁকুড়ার বড়জোড়ায় আজ এক জনসভায় শ্রী মোদী বলেন, রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার মহিলা এবং আদিবাসীদের বিরুদ্ধে ; এর মূল্য রাজ্যের শাসকদলকে চোকাতে হবে। তৃণমূল কংগ্রেস মহিলাদের সঙ্গে তঞ্চকতা করছে বলেও শ্রী মোদী মন্তব্য করেন।

(বাইট - মহিলা সংরক্ষণ)

oooooooooooooooooooooooooo

নারী সংরক্ষণ ইস্যুতে প্রধানমন্ত্রী দেশকে বিভ্রান্ত করছেন বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। এক্স হ্যান্ডেলে করা পোস্টে তিনি দাবি করেন, নারী প্রতিনিধিত্ব বাড়ানোর ক্ষেত্রে তৃণমূল কংগ্রেস বরাবরই অগ্রণী ভূমিকা নিয়েছে। তিনি বলেন, লোকসভায় দলের নির্বাচিত প্রতিনিধিদের ৩৭.৯ শতাংশ মহিলা। রাজ্যসভাতেও প্রায় ৪৬

শতাংশ মহিলা সদস্য মনোনীত হয়েছে। তাই নারী সংরক্ষণ বিলের বিরোধিতা করার প্রশ্নই ওঠে না বলেই তাঁর দাবি ।

তবে একই সঙ্গে কেন্দ্রের সীমা পুনর্বিন্যাস প্রক্রিয়াকে নিশানা করেছেন তিনি। মুখ্যমন্ত্রীর অভিযোগ, রাজনৈতিক স্বার্থে এই প্রক্রিয়াকে ব্যবহার করতে চাইছে কেন্দ্র এবং এর মাধ্যমে দেশের যুক্ত রাষ্ট্রীয় কাঠামোয় আঘাত হানা হচ্ছে।

পোস্টে মুখ্যমন্ত্রী প্রশ্ন তোলেন, ২০২৩ সালে বিল পাশ হওয়ার পর এতদিন তা কার্যকর করা হল না কেন। ভোটের মুখে বিষয়টি সামনে আনার উদ্দেশ্য নিয়েও সংশয় প্রকাশ করেন তিনি।

শেষে প্রধানমন্ত্রীকে উদ্দেশ করে মমতা লেখেন, দেশের সামনে বক্তব্য রাখতে হলে সংসদের ভিতরে দাঁড়িয়ে তা বলা উচিত, যেখানে জবাবদিহির সুযোগ থাকে।

ooooooooooooooooooooooooo

বিধানসভা ভোটের মুখে তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা আই প্যাকের বাংলায় কাজ বন্ধ করে দেওয়ার খবর ছড়িয়ে পড়ায় চাঞ্চল্য ছড়াল। সংস্থার তরফে কর্মীদের মেল করে কাজ বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে বলে খবর ছড়িয়ে পড়ে রবিবার সকালে। তৃণমূলের তরফে অবশ্য দ্রুত বিবৃতি দিয়ে এই খবর ভুয়ো বলে দাবি করা হয়। অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস ওই বিবৃতিতে জানিয়েছে, আইপ্যাকের পশ্চিমবঙ্গ শাখা তৃণমূলের সঙ্গে মিলে রাজ্য জুড়ে নির্বাচনের প্রচার ও অন্যান্য সমস্ত কাজই করছে। ইচ্ছাকৃতভাবে বিভ্রান্তি তৈরি করার জন্য এই খবর প্রচারিত হচ্ছে বলে দাবি করা হয়েছে তৃণমূলের তরফে। যদিও গোটা বিষয়টিতে আই প্যাকের তরফে সরকারিভাবে কোনও বিবৃতি মেলেনি।

ooooooooooooooooooooooooo

অর্থপাচার মামলার তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতার একাধিক জায়গায় তল্লাশি চালাচ্ছে। কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাসের ফার্ন রোডের একধিক ফ্ল্যাটে এখনও ইডির তল্লাশি চলছে ।শান্তনু সিনহা বিশ্বাস দীর্ঘদিন কালিঘাট থানার দায়িত্বে ছিলেন।

অন্যদিকে আজ ভোর থেকে জ্যোতীষ রায় রোডে সান এন্টারপ্রাইজের ম্যানেজিং ডিরেক্টর জয় কামদারের ফ্ল্যাটে ইডি এবং কেন্দ্রীয় বাহিনী তল্লাশি চালায়। আর্থিক তছরূপের অভিযোগে, কিছুক্ষন আগে জয় কামদারকে আটক করে, ইডি সিজিও কমপ্লেক্সে নিয়ে যায় । এর আগে ইডি তলব করলেও তিনি সিজিও কমপ্লেকসে হাজিরা দেয়নি বলে জানা গেছে ।

উল্লেখ্য , জয় কামদার পলাতক দুষ্কৃতী সোনা পাপ্পুর ঘনিষ্ঠ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার মোথাবাড়িতে ৭ জন বিচারককে ঘেরাও করে রাখার ঘাটনায় গ্রেফতার ১৩ জনের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে বিশেষ এন আই এ আদালত। তাদের জেল হেফাজতে পাঠানো হয়েছে। জামিন খারিজ হয়েছে মোথাবাড়ি গ্রাম পঞ্চায়েতের সদস্য আই এস এফ নেতা গোলাম রব্বানি। কংগ্রেস নেতা আসিফ শেখ এবং শাহাদাত হোসেনের। ৩০-শে এপ্রিল পর্যন্ত এদের সকলের জেল হেফাজত ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে নতুন ভোটার বৃদ্ধির পরিসংখ্যান প্রকাশ করেছে নির্বাচন কমিশন। খসড়া তালিকা প্রকাশের পর থেকে মনোনয়ন জমার শেষ দিন পর্যন্ত প্রায় ৫ লক্ষ নতুন ভোটারের নাম যুক্ত হয়েছে তালিকায়। কমিশন সূত্রে জানা গিয়েছে, ফর্ম-সিক্স জমা দিয়ে মোট প্রায় ৭ লক্ষ আবেদন জমা পড়েছিল। তার মধ্যে যাচাই-বাছাইয়ের পর, এই নতুন ভোটারদের নাম চূড়ান্ত তালিকায় যুক্ত হয়েছে। ২৮শে ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিনই ১ লক্ষ ৮৮ হাজার ২০৭ জন নতুন ভোটার যুক্ত হয়েছিলেন। তার পরবর্তী এক মাসে আরও প্রায় ৫ লক্ষ নতুন নাম যোগ হয়েছে বলে জানিয়েছে কমিশন। জেলা ভিত্তিক পরিসংখ্যানে দেখা যাচ্ছে, উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি, কলকাতা এবং পূর্ব মেদিনীপুরে সবচেয়ে বেশি নতুন ভোটার যুক্ত হয়েছেন। উত্তর ২৪ পরগনায় ৭১ হাজারের বেশি এবং কলকাতায় প্রায় ৪৪ হাজার নতুন নাম উঠেছে ভোটার তালিকায়।

বর্তমানে রাজ্যে মোট ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ৬ কোটি ৮২ লক্ষ ৫১ হাজার ৮। কমিশনের দেওয়া বিধানসভা কেন্দ্র ভিত্তিক তথ্য অনুযায়ী, এই সংখ্যায় পুরুষ ভোটার ৩ কোটি ৪৯ লক্ষের বেশি, মহিলা ভোটার ৩ কোটি ৩৩ লক্ষের কিছু বেশি এবং তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১,২৫৭ জন। কমিশন সূত্রে খবর, ট্রাইবুনালের বিচারাধীন মামলাগুলির নিষ্পত্তির পর এই সংখ্যা আরও কিছুটা বাড়তে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৩ ব্যাচের আইপিএস অফিসার অলোক কুমারকে হলদিয়ার এস ডি পি ও পদে এবং ডব্লিউ বি পি এস অফিসার অতনু ঘোষালকে কাঁথির এস ডি পি ও পদে নিয়োগ করা হয়েছে। এই রদবদলের প্রস্তাব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের তরফে পাঠানো হয়েছিল, যা কমিশন অনুমোদন করেছে।

কমিশন স্পষ্ট জানিয়েছে, ১৯ এপ্রিল বিকেল ৫টার মধ্যে এই নির্দেশ কার্যকর করতে হবে। নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন নির্বাচনে স্বচ্ছতা বজায় রাখতে, কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে নির্বাচন কমিশন। বুথের নিরাপত্তায় চারপাশে তৈরি করা হচ্ছে "লক্ষ্মণরেখা"। সাদা চক দিয়ে বুথকে ঘিরে ১-শো মিটার এলাকা চিহ্নিত করা হবে। এই নির্দিষ্ট সীমার মধ্যে শুধুমাত্র ভোটারদেরই প্রবেশের অনুমতি থাকবে। একজন ভোটারের জন্য বহুস্তরীয় যাচাইয়েরও পরিকল্পনা রয়েছে। লক্ষ্মণগন্ডির বাইরে থাকবেন বিএলও ও একজন সরকারী আধিকারিক, যাঁরা প্রথমে নথি যাচাই করবেন। এরপর নির্দিষ্ট সীমানার ভিতরে আরও দুটি ধাপে ভোটারদের পরিচয়পত্র পরীক্ষা করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের আগে ইভিএম ও ভিভিপ্যাট বণ্টনে স্বচ্ছতা নিশ্চিত করতে, দ্বিতীয় দফার র‍্যান্ডমাইজেশন সম্পূর্ণ করেছে নির্বাচন কমিশন। রাজ্যের প্রায় সব জেলাতেই নির্দিষ্ট সূচি মেনে, এই প্রক্রিয়া শেষ হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে জানানো হয়েছে।

নির্বাচন কমিশনের ইভিএম ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে, রিটার্নিং অফিসাররা বুথভিত্তিক ইভিএম ও ভিভিপ্যাট বণ্টন করেছেন। এই প্রক্রিয়া সম্পূর্ণ র‍্যান্ডম পদ্ধতিতে করা হয়েছে, যাতে কোনও রকম পক্ষপাত বা প্রভাবের অভিযোগ না ওঠে। কমিশন সূত্রে খবর, আলিপুরদুয়ার, বাঁকুড়া, বীরভূম, কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ-সহ একাধিক জেলায় ১০ই এপ্রিল এই র‍্যান্ডমাইজেশন সম্পন্ন হয়েছে। কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা-সহ কয়েকটি জেলায় তা হয়েছে ১৪ এপ্রিল। নদিয়ায় প্রক্রিয়া শেষ হয়েছে ১৫ এপ্রিল। বুথভিত্তিক ইভিএম ও ভিভিপ্যাটের তালিকা এবং সংরক্ষিত মেশিনের তালিকাও সমস্ত প্রার্থীদের হাতে তুলে দেওয়া হয়েছে। কমিশন জানিয়েছে, এই র‍্যান্ডমাইজেশনের পর, যে ইভিএম

ও ভিভিপ্যাট নির্দিষ্ট বুথের জন্য বরাদ্দ করা হয়েছে, ভোটের দিন শুধুমাত্র সেই মেশিনই ব্যবহার করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ অক্ষয় তৃতীয়া। এই শুভ দিনে সিদ্ধিদাতা গণেশ ও ধন-সম্পদের দেবী মা লক্ষ্মীর পুজো করে থাকেন ব্যবসার সঙ্গে যুক্ত মানুষজন। দিনটি সমৃদ্ধি ,সৌভাগ্যের দিন, হিসেবে গন্য হয়। এই দিনে বাংলা নববর্ষের মত হালখাতা অনুষ্ঠানের আয়োজন করা হয় বিভিন্ন দোকানে ,ব্যবসা প্রতিষ্ঠানে। অক্ষয় তৃতীয়ার শুভদিনে ব্যবসায়ীরা কালীঘাট মায়ের মন্দির, দক্ষিণেশ্বর ভবতারিনী মায়ের মন্দিরসহ বিভিন্ন দেবদেবীর মন্দিরে পুজো দিয়ে থাকেন। এদিন গঙ্গায় পূণ্য স্নান করেন অনেক ভক্ত। পঞ্জিকা অনুসারে বৈশাখ মাসের শুক্লপক্ষের তৃতীয়া তে পালিত হয় অক্ষয় তৃতীয়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই গতকাল দুপুরের পর থেকে দফায় দফায় বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। বহু নদীর জল স্তর বৃদ্ধি পেয়েছে বলে খবর। আজও উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং আলিপুরদুয়ার কোচবিহার জেলায় ঝড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। দক্ষিণবঙ্গে অবশ্য আগামী পাঁচ দিন উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মেঘভাঙা বৃষ্টির জেরে হড়পা বানের কারণে দুধিয়া সেতুর ক্ষতি হওয়ায় দার্জিলিঙের সঙ্গে সমতলের যোগাযোগ ব্যবস্থায় বিঘ্ন ঘটেছে। গতকাল বিকেল থেকেই বৃষ্টি শুরু হয়েছে পাহাড়ে। বৃষ্টি হচ্ছে সমতলেও। অতিরিক্ত বৃষ্টির কারণে পাহাড়ের একাধিক নদীর জলস্তর বাড়তে শুরু করে। বালাসন-সহ তিস্তার জল সন্ধ্যার পর থেকেই বাড়ে।

জলের স্তর বেড়ে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হয়েছে দুধিয়ার নবনির্মিত হিমপাইপের সেতু। ফলে সেতু দিয়ে মিরিক হয়ে দার্জিলিঙে যাওয়ার রাস্তা আপাতত বন্ধ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে আইপিএল ক্রিকেট ম্যাচে আজ কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়। এখনও পর্যন্ত প্রতিযোগিতায় জয় পায়নি নাইড রাইডার্স।

oooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo